

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্য-বিবরণী

সভা নং ০১/২০২৪-২৫

তারিখ: ২২/০৭/২০২৪ইং

সময়: সকাল: ১১:০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা শিক্ষা অফিস, বাউফল, পটুয়াখালী

উপস্থিত সদস্যদের নামের তালিকা:

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মরিয়ম বেগম নিসু	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি	স্বাক্ষরিত
২	মো: গোলাম মোস্তফা	চেয়ারম্যান, মদনপুরা ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৩	মু: হুমায়ুন কবীর	চেয়ারম্যান, ধুলিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	এস. এম ফয়সাল আহমেদ	চেয়ারম্যান, কালাইয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	মো: আতিকুল ইসলাম	উপজেলা শিক্ষা অফিসার, বাউফল	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয়:

১. প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের অনলাইন ক্লাশ পরিচালনা মনিটরিং।

আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:

অদ্যকার সভা উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল, পটুয়াখালী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালীকে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব, উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করে এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১. প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদের অনলাইন ক্লাশ পরিচালনা মনিটরিং।	উপজেলা শিক্ষা অফিসার বলেন, বাউফল উপজেলার ৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬০ জন শিক্ষককে ২০২৩-২৪ অর্থবছরে অনলাইন ক্লাশ পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাশ নিয়মিত সঠিক ভাবে হচ্ছে কিনা তা মনিটরিং করা প্রয়োজন।	আলোচনার প্রেক্ষিতে অনলাইন ক্লাশ মনিটরিং এর জন্য সহকারী উপজেলা শিক্ষা অফিসারদের দায়িত্ব প্রদানের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২৪-২৫ অর্থবছর। উপজেলা শিক্ষা অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মরিয়ম বেগম নিসু)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
বাউফল, পটুয়াখালী